

Southeast Bank

FinSight



Facebook SoutheastBankBD Website www.southeastbank.com.bd



আর্থিক অন্তর্ভুক্তি ও ক্যাশলেস বাংলাদেশ গড়ার লক্ষ্যে টেলিক্যাশ-এর যাত্রা শুরু



বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব
ব্যাংকস (বিএবি) প্রতিনিধিদলের
মহামান্য রাষ্ট্রপতির
সঙ্গে সাক্ষাৎ



জনাব এম. এ. কাশেম
সাউথইস্ট ব্যাংক পিএলসি-এর
পরিচালনা পর্ষদের চেয়ারম্যান
হিসেবে পুনর্নির্বাচিত



সাউথইস্ট ব্যাংক পিএলসি.
-এর স্বতন্ত্র পরিচালক
মনোনীত হওয়ায়
অভিনন্দন



সাউথইস্ট ব্যাংক
এসএমই ঋণ

ক্ষুদ্র উদ্যোগের স্বপ্নকে বৃহৎ সাফল্যে রূপান্তরের
নির্ভরযোগ্য আর্থিক সঙ্গী



সুপ্রভা
উদ্যোগী নারীদের
অনিভরতার জাথী

সোপান
ক্ষুদ্র প্রবাসের উত্তরণে



স্বপ্নীল
আর্থিক ককন স্বপ্নের ব্যবসা

সিখর
ব্যবসার কাঙ্ক্ষিত লক্ষ্য পূরণে



আপনার অদম্য উদ্যোগকে পূর্ণতা দিতে সাউথইস্ট ব্যাংক সর্বদা পাশে।



SoutheastBankBD
www.southeastbank.com.bd



সাউথইস্ট ব্যাংক পিএলসি.
একটি দূরদর্শী ব্যাংক



শুভেচ্ছা বাণী

সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর ত্রৈমাসিক প্রকাশনা 'FinSight'-এর বর্ষপূর্তিতে আমি আনন্দিত কেননা ব্যাংকিং খাতের সমসাময়িক বিষয়, অর্থনীতি, আর্থিক খাতের পরিবর্তন, ব্যাংকের কার্যক্রম এবং আমাদের সহকর্মীদের সাফল্য ও অভিজ্ঞতাকে সুন্দরভাবে তুলে ধরার ক্ষেত্রে 'FinSight' ইতোমধ্যে একটি অর্থবহ প্রাটফর্ম হিসেবে ভূমিকা রেখেছে।

একটি প্রতিষ্ঠানের জ্ঞানচর্চা, পেশাগত উৎকর্ষ এবং প্রতিষ্ঠানিক সংস্কৃতি বিকাশে নিয়মিত প্রকাশনার গুরুত্ব অপরিসীম। 'FinSight' আমাদের সহকর্মীদের নতুন ধারণা, অভিজ্ঞতা ও সৃজনশীলতা প্রকাশের সুযোগ সৃষ্টি করেছে এবং একই সঙ্গে ব্যাংকিং

পেশার বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে জ্ঞান ও সচেতনতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করেছে।

আমি বিশ্বাস করি, পরিবর্তনশীল ও প্রতিযোগিতামূলক ব্যাংকিং পরিবেশে আমাদের এগিয়ে যেতে হলে জ্ঞান, দক্ষতা, নৈতিকতা, উদ্ভাবনী চিন্তা এবং গ্রাহককেন্দ্রিকতার ওপর আরও বেশি গুরুত্ব দিতে হবে। এ ক্ষেত্রে 'FinSight' জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের একটি কার্যকর মাধ্যম হিসেবে ভবিষ্যতেও গুরুত্বপূর্ণ অবদান রাখবে। 'FinSight'-এর প্রথম বর্ষপূর্তি সংখ্যা প্রকাশের সঙ্গে সংশ্লিষ্ট সকল সম্পাদকমন্ডলী, লেখক, সহযোগী এবং প্রকাশনা কার্যক্রমের সঙ্গে যুক্ত প্রত্যেককে

আমি আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

আমি আশা করি, 'FinSight' তার মান, বৈচিত্র্য ও প্রাসঙ্গিকতা আরও সমৃদ্ধ করে ভবিষ্যতে সাউথইস্ট ব্যাংকের জ্ঞানভিত্তিক ও পেশাদার সংস্কৃতি বিকাশে আরও কার্যকর ভূমিকা পালন করবে।

'FinSight'-এর উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করছি।

শুভেচ্ছান্তে,
এম. এ. কাশেম
চেয়ারম্যান
সাউথইস্ট ব্যাংক পিএলসি.



সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর ত্রৈমাসিক প্রকাশনা 'FinSight'-এর এক বছর পূর্তিতে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই। একটি ভালো প্রকাশনা প্রতিষ্ঠানের অর্জন তুলে ধরার পাশাপাশি সহকর্মীদের ভাবনা, জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ তৈরি করে। 'FinSight' সেই লক্ষ্য নিয়ে এগিয়ে চলেছে জেলে আমি আনন্দিত।

প্রকাশনাটির সঙ্গে যুক্ত সবাইকে ধন্যবাদ জানাই। আগামী দিনেও 'FinSight' পাঠকদের জন্য তথ্যবহুল ও চিন্তাশীল একটি প্রকাশনা হয়ে উঠুক এই কামনা করি।

ধন্যবাদ।

মাসুদ খান এফসিএ, এফসিএমএ
চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড
এক্সচেঞ্জ কমিশন



সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর ত্রৈমাসিক প্রকাশনা 'FinSight'-এর এক বছর পূর্তি উপলক্ষে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। একটি প্রতিষ্ঠানের জ্ঞান, সাফল্য, কার্যক্রম ও অর্জনকে তুলে ধরার পাশাপাশি সহকর্মীদের মধ্যে জ্ঞান, অভিজ্ঞতা ও চিন্তার আদান-প্রদানের একটি কার্যকর মাধ্যম হিসেবে 'FinSight' ইতোমধ্যে একটি বিশেষ স্থান করে নিয়েছে।

"FinSight"-এর এই যাত্রা শুরু ও ধারাবাহিকভাবে এগিয়ে নেওয়ার জন্য ব্যাংকের সম্মানিত চেয়ারম্যান, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট সকল সহকর্মীর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ

জানাই। বিশেষভাবে ধন্যবাদ জানাই তাঁদের, যাঁরা তাঁদের মূল্যবান সময়, মেধা, অভিজ্ঞতা ও সৃজনশীলতার মাধ্যমে প্রতিটি সংখ্যাকে সমৃদ্ধ করে তুলেছেন।

আমি বিশ্বাস করি, 'FinSight' ভবিষ্যতেও ব্যাংকের সাফল্য, উদ্ভাবন, জ্ঞান ও মূল্যবোধকে আরও ব্যাপকভাবে তুলে ধরবে এবং এর মান ও গ্রহণযোগ্যতা ক্রমাগত বৃদ্ধি পাবে।

'FinSight'-এর উত্তরোত্তর সাফল্য ও দীর্ঘ পথচলা কামনা করছি।

ড. মো. এজাজুল ইসলাম
মহাপরিচালক,
বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক
ম্যানেজমেন্ট (বিআইবিএম)



সাইথইস্ট ব্যাংক পিএলসি-এর ত্রৈমাসিক প্রকাশনা FinSight-এর গৌরবময় এক বছর পূর্তি উপলক্ষে আন্তরিক শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন।

প্রকাশনাটি শুরু থেকে ব্যাংকিং ও আর্থিক খাতের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়সহ অর্থনীতির গতিধারা, সাম্প্রতিক অর্থনৈতিক কর্মকাণ্ড, আর্থিক ও অর্থবাজার পরিস্থিতি, নীতিপদ্ধতি পর্যালোচনা এবং ব্যাংকিং বিষয়ে তথ্যবহুল ও বিশ্লেষণধর্মী বিষয়বস্তু উপস্থাপন করে আসছে। একটি জ্ঞানভিত্তিক আর্থিক পরিবেশে এমন একটি নিয়মিত প্রকাশনা পাঠক, পেশাজীবী, গবেষক ও সংশ্লিষ্ট অংশীজনদের জন্য তথ্য ও অন্তর্দৃষ্টির একটি কার্যকর উৎস হিসেবে বিশেষ ভূমিকা পালন করছে।

মাত্র এক বছরের পথচলায় FinSight যে ধারাবাহিকতা, পেশাদারিত্ব ও বিষয়বৈচিত্র্য প্রদর্শন করেছে, তা নিঃসন্দেহে প্রশংসনীয়। এর প্রতিটি সংখ্যায় অর্থনীতি ও ব্যাংকিং খাতের সমসাময়িক বিষয়গুলোকে সহজবোধ্যভাবে তুলে ধরার যে প্রয়াস রয়েছে তা প্রকাশনাটিকে আরও কার্যকর করে তুলেছে। এক বছর পূর্তিতে প্রকাশনাটির সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা। FinSight এর আগামী দিনের পথচলা আরও সমৃদ্ধ, সৃজনশীল ও সাফল্যমণ্ডিত হোক এই প্রত্যাশা রইল।

FinSight এগিয়ে যাক জ্ঞান, অন্তর্দৃষ্টি ও উৎকর্ষের পথে; সমৃদ্ধ করুক আমাদের আর্থিক ও অর্থনৈতিক ভাবনার পরিসর।

ধন্যবাদান্তে,

ড. মো. সাখাওয়াত হোসেন
নির্বাহী পরিচালক
বাংলাদেশ ব্যাংক



সাইথইস্ট ব্যাংক পিএলসি-এর ত্রৈমাসিক প্রকাশনা 'FinSight'-এর সফল পথচলার এক বছর পূর্তিতে আমি ব্যাংক পরিবারের পক্ষ থেকে সকলকে আন্তরিক অভিনন্দন জানাই। এই তথ্যসমৃদ্ধ প্রকাশনাটিকে নিয়মিত রূপ দেওয়ার পেছনে যারা নিরলস কাজ করেছেন, বিশেষ করে আমাদের সম্পাদনা পর্ষদ ও অবদানকারীদের প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি।

একটি প্রগতিশীল আর্থিক প্রতিষ্ঠান হিসেবে সাইথইস্ট ব্যাংক প্রথাগত সেবার বাইরে গিয়ে জ্ঞানভিত্তিক ব্যাংকিং সংস্কৃতি গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ। দ্রুত পরিবর্তনশীল বিশ্ব অর্থনীতি ও আধুনিক ফিনটেকের এই যুগে সঠিক তথ্যের আদান-প্রদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। FinSight নিউজলেটারটি গত এক বছর ধরে আমাদের ব্যাংকের সর্বশেষ উদ্ভাবন, ডিজিটাল রূপান্তর, সমসাময়িক অর্থনৈতিক প্রবণতা এবং টেকসই অর্থায়নের (Sustainable Finance) মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলো কর্মী, গ্রাহক ও অংশীজনদের সামনে চমৎকারভাবে তুলে ধরছে।

এই প্রকাশনাটি একদিকে যেমন আমাদের অভ্যন্তরীণ মেধার প্রতিফলন ঘটাবে, অন্যদিকে কর্মকর্তা-কর্মচারীদের ব্যাংকিং খাতের আধুনিক প্রযুক্তি ও কমপ্লায়েন্স সম্পর্কে সচেতন করতে সহায়ক ভূমিকা পালন করছে। স্মার্ট ব্যাংকিংয়ের এই অগ্রযাত্রায় 'FinSight' আগামী দিনেও সৃজনশীলতার এক অনন্য প্রায়ুক্তি হিসেবে কাজ করবে বলে আমি বিশ্বাস করি। বর্ষপূর্তির এই শুভক্ষণে আমি 'FinSight'-এর উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করি। আসুন, গ্রাহক আস্থা অক্ষুণ্ণ রেখে আমরা সাইথইস্ট ব্যাংককে এক অনন্য উচ্চতায় নিয়ে যাই।

অভিনন্দন ও শুভকামনা।

মো. খালিদ মাহমুদ খান
ব্যবস্থাপনা পরিচালক ও
প্রধান নির্বাহী কর্মকর্তা
সাইথইস্ট ব্যাংক পিএলসি.



সাইথইস্ট ব্যাংক পিএলসি-এর ত্রৈমাসিক প্রকাশনা 'FinSight'-এর এক বছর পূর্তি উপলক্ষে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

একটি প্রতিষ্ঠানের সাফল্য শুধু তার আর্থিক অর্জন কিংবা ব্যবসায়িক কার্যক্রমের মধ্যেই সীমাবদ্ধ থাকে না; বরং জ্ঞান, উদ্ভাবন, অভিজ্ঞতা, মূল্যবোধ ও সাফল্যের গন্ধকে ধারণ ও সবার মাঝে ছড়িয়ে দেওয়ার মধ্যেও একটি প্রতিষ্ঠানের প্রকৃত শক্তি নিহিত থাকে। সেই অর্থে 'FinSight' ইতোমধ্যে সাইথইস্ট ব্যাংকের জ্ঞান ও প্রাতিষ্ঠানিক সংস্কৃতির একটি গুরুত্বপূর্ণ অনুসঙ্গ হিসেবে নিজস্ব পরিচিতি তৈরি করেছে।

একটি সুন্দর প্রকাশনা যেমন একটি প্রতিষ্ঠানের জ্ঞান ও চিন্তার জানালা, তেমনি 'FinSight' হয়ে উঠুক সাইথইস্ট ব্যাংকের অভিজ্ঞতা, উদ্ভাবন ও ভবিষ্যৎ ভাবনার একটি শক্তিশালী প্রতিচ্ছবি।

'FinSight'-এর এক বছর পূর্তি হোক আরও সমৃদ্ধ ও দূরদর্শী পথচলার সূচনা। এর উত্তরোত্তর সাফল্য, উৎকর্ষ ও দীর্ঘস্থায়ী পথচলা কামনা করছি।

সাইথইস্ট ব্যাংক পিএলসি. এগিয়ে যাক জ্ঞান, উদ্ভাবন ও আস্থার শক্তিতে।

শুভ এক বছর পূর্তি, 'FinSight'! অভিনন্দন ও শুভকামনা।

মো. নজরুল ইসলাম
পরিচালক
বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমি
বাংলাদেশ ব্যাংক



সাইথইস্ট ব্যাংক পিএলসি-এর ত্রৈমাসিক প্রকাশনা 'FinSight'-এর গৌরবোজ্জ্বল ও সফল পথচলার এক বছর পূর্তি উপলক্ষে আমি ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা, সুধী পাঠক এবং শুভানুধ্যায়ীদের জানাই আন্তরিক শুভেচ্ছা ও প্রাণঢালা অভিনন্দন।

একটি গতিশীল ও উৎকর্ষকামী প্রতিষ্ঠানের জ্ঞান, প্রজ্ঞা, সামষ্টিক সাফল্য এবং রূপান্তরমূলক অর্জনসমূহকে সুন্দরভাবে ফুটিয়ে তোলার পাশাপাশি সহকর্মীদের মাঝে পেশাগত অভিজ্ঞতা ও উদ্ভাবনী ধারণা বিনিময়ের এক অনন্য বুদ্ধিবৃত্তিক ক্ষেত্র হিসেবে 'FinSight' ইতিমধ্যে ব্যাংকিং পরিমন্ডলে একটি মর্যাদাপূর্ণ স্থান সুপ্রতিষ্ঠিত করেছে। তথ্যবহুল নিবন্ধ এবং সমন্বয়যোগ্য আর্থিক পর্যালোচনার মাধ্যমে এটি আমাদের প্রাতিষ্ঠানিক মূল্যবোধ ও দূরদর্শিতাকে প্রতিনিয়ত সমৃদ্ধ করে চলেছে। এই চমৎকার প্রকাশনাটির সফল যাত্রার সূচনা এবং একে ধারাবাহিকভাবে এগিয়ে নেওয়ার পেছনে ব্যাংকের সম্মানিত চেয়ারম্যান, সুযোগ্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং এর সাথে সংশ্লিষ্ট নির্বাহী ও কর্মীদের নিরলস প্রয়াস ও সুদূরপ্রসারী দৃষ্টিভঙ্গিকে আমি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি। বিশেষ করে, যাঁরা নিজেদের মূল্যবান সময়, সুগভীর মেধা ও অনন্য সৃজনশীলতার সদ্ব্যবহার করে প্রতিটি সংখ্যাকে আকর্ষণীয় ও জ্ঞানগর্ভ করে তুলেছেন, তাঁদের সকলকে জানাই আন্তরিক সাধুবাদ। "FinSight"-এর উত্তরোত্তর সমৃদ্ধি, অগ্রযাত্রা এবং চিরস্থায়ী গৌরবময় পথচলা কামনা করছি।

ধন্যবাদান্তে,

প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন
এফসিএ, এফসিএমএ

চেয়ারম্যান, হিসাববিজ্ঞান বিভাগ,
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

সাবেক চেয়ারম্যান, বাংলাদেশ
হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
(BHBFC) সাবেক প্রেসিডেন্ট,

দ্য ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড
ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব
বাংলাদেশ (ICMAB)



To download "FinSight"
please scan here.



সম্পাদকীয়

আলহামদুলিল্লাহ।

অত্যন্ত আনন্দ ও গর্বের সঙ্গে আমাদের প্রকাশনার প্রথম বর্ষপূর্তি সংখ্যা পাঠকদের হাতে তুলে দিতে পেরে আমরা আনন্দিত। একটি প্রতিষ্ঠানের জ্ঞান, অভিজ্ঞতা, সাফল্য ও সম্ভাবনাকে সবার মাঝে তুলে ধরার প্রত্যয় নিয়ে যে পথচলা শুরু হয়েছিল, আজ তা একটি পূর্ণ বছর অতিক্রম করেছে।

এই পথচারার শুরুতে আমাদের ব্যাংকের সম্মানিত প্রতিষ্ঠাতা ও বর্তমান চেয়ারম্যান, শিল্পপতি ও শিক্ষানুরাগী ব্যক্তিত্ব জনাব এম. এ. কাশেম-এর অনুপ্রেরণা ও উৎসাহ বিশেষভাবে স্মরণ করছি। তাঁর দূরদর্শী চিন্তা, ইতিবাচক দিকনির্দেশনা এবং এই প্রকাশনা বের করার জন্য প্রদত্ত অনুপ্রেরণাই আমাদের উদ্যোগটিকে বাস্তবে রূপ দেওয়ার অন্যতম প্রধান প্রেরণা। তাঁর প্রতি জানাই আন্তরিক কৃতজ্ঞতা ও গভীর শ্রদ্ধা।

একটি প্রকাশনা নিয়মিতভাবে প্রকাশ করা নিঃসন্দেহে একটি সম্মিলিত প্রয়াস। এ উদ্যোগকে সফল করতে ব্যাংকের সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান

নির্বাহী, সকল কর্মকর্তা, বিভিন্ন বিভাগ ও শাখার সহকর্মী এবং সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা ও মূল্যবান অবদান আমরা কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করছি। তাঁদের অভিজ্ঞতা, সৃজনশীলতা ও সময় আমাদের প্রতিটি সংখ্যাকে সমৃদ্ধ করেছে।

প্রথম বর্ষপূর্তি আমাদের জন্য শুধু একটি মাইলফলক নয়; এটি ভবিষ্যতের পথ চলায় আরও দায়িত্বশীল, তথ্যসমৃদ্ধ ও সমন্বিত প্রচেষ্টা প্রকাশনা উপহার দেওয়ার নতুন অঙ্গীকার। আমরা বিশ্বাস করি, এই প্রকাশনা জ্ঞান বিনিময়, পেশাগত উন্নয়ন এবং ব্যাংকের সাফল্য ও উদ্যোগসমূহ তুলে ধরার একটি কার্যকর মাধ্যম হিসেবে আরও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

প্রকাশনার সঙ্গে সম্পৃক্ত সকলকে আমি এডিটরিয়াল টিমের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে ভবিষ্যতেও আপনাদের সহযোগিতা, পরামর্শ ও গঠনমূলক মতামত প্রত্যাশা করছি।

শুভ হোক আমাদের এই জ্ঞান ও সৃজনশীলতার পথচলা।।

- সায়মা বানু

Email: sayma.banu@southeastbank.com.bd

Southeast Bank

FinSight

Editorial Team

Advisor

Mamunur Rashid, FCS
Senior Executive Vice President

Editor in Chief

Sayma Banu
Director Training

Members

Md. Musfiqur Rahman
Executive Vice President

Khairul Anam Mohiuddin
Executive Vice President

Syed Abu Naser
Senior Vice President

A S M Asraf Uddin Chowdhury
Senior Assistant Vice President

Content Developed by

Tarek Mohammad
Executive Officer

Art and Design

William Kallyan D'Cruze
Senior Executive Officer

Mohammad Bablu Hasan
Senior Officer

Published By

Brand & Communications Department
Published in October 2026

Copyright © Southeast Bank PLC. 2025,
All Rights Reserved



Southeast Bank PLC.
a bank with vision

The Southeast Bank PLC. reserves all rights. No part of this publication may be translated, reprinted, or reproduced or utilized in any form either in whole or in part or by any electrical, mechanical, or other means, including photocopying and recording, or in any information storage and retrieval system, without permission in written form.

contents

০৫

আর্থিক অন্তর্ভুক্তি ও ক্যাশলেস
বাংলাদেশ গড়ার লক্ষ্যে
টেলিক্যাশ-এর যাত্রা শুরু

১০

সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর
৯ম বিশেষ সাধারণ সভা এবং ৩১তম
বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

১১

সবুজ শিল্প ও সবুজ কারখানা স্থাপনে
বাংলাদেশ ব্যাংকের ১,০০০ কোটি টাকার
পুনঃঅর্থায়ন ক্ষিমে যুক্ত হলো সাউথইস্ট
ব্যাংক পি এল সি.

১১

সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর পক্ষ থেকে জনাব মাসুদ খান এফসিএ,
এফসিএমএ, চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন -কে
ফুলেল শুভেচ্ছা ও আন্তরিক অভিনন্দন

১২

সাউথইস্ট ব্যাংক পিএলসি'র ঢাকা
ও ময়মনসিংহ অঞ্চলের ব্যবসায়িক
পর্যালোচনা সম্মেলন অনুষ্ঠিত

১৩

সাউথইস্ট ব্যাংক পিএলসি. উন্মোচন
করলো তাদের প্রথম ফ্ল্যাগশিপ গবেষণা
প্রকাশনা, ইকোনমিক আউটলুক
২০২৬- এনকোরিং ইনসাইট

১৪

চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর

১৫

চামড়া ও চামড়াজাত শিল্পের উন্নয়ন ও
সম্প্রসারণে বাংলাদেশ ব্যাংকের ২,০০০
কোটি টাকার প্রাক-অর্থায়ন ক্ষিমে যুক্ত হলো
সাউথইস্ট ব্যাংক পিএলসি.

১৫

সাউথইস্ট ব্যাংক পিএলসি. ও পল্লী কর্ম-
সহায়ক ফাউন্ডেশন এর মধ্যে ক্রেডিট
গ্যারান্টি চুক্তি স্বাক্ষর

২০

ছোট স্বপ্ন থেকে বড় সাফল্য-
সাউথইস্ট ব্যাংকের
সঙ্গে অগ্রযাত্রা

২২

সাউথইস্ট ব্যাংক-এর
নিরাপত্তা কর্মীর অনন্য কৃতিত্ব ও
সাহসিকতা

২৩

সাউথইস্ট ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটে
“আর্থিক প্রতিষ্ঠানে নৈতিকতা ও সততা
চর্চার গুরুত্ব” শীর্ষক ভার্চুয়াল
কনফারেন্স অনুষ্ঠিত

২৩

সাউথইস্ট ব্যাংক পিএলসি. ‘ফিলিস ফর ইভাস্টি
কম্পিটিটিভনেস অ্যান্ড ইনোভেশন প্রোগ্রাম’
(SICIP)-এর অধীনে মাসব্যাপী একটি উদ্যোক্তা
উন্নয়ন কর্মসূচি সফলভাবে সম্পন্ন করেছে

২৪

সাউথ আফ্রিকায় প্রবাসীদের আর্থিক
লেনদেনে আস্থার নাম
সাউথইস্ট এক্সচেঞ্জ কোম্পানি (সাউথ
আফ্রিকা) প্রা: লি:



১৬

MASOOD DAWOOD AKBANI
Founder & Managing Director,
ACS Textiles (Bangladesh)
Limited Chairman, Mana Bay
Splash Water Park Limited



১৮

Mohsin Ahmed
Managing Director,
Mars Group



২১

আহসানুল হক
এসইভিপি ও শাখা প্রধান
প্রিন্সিপাল ব্রাঞ্চ
সাউথইস্ট ব্যাংক পিএলসি.



আর্থিক অন্তর্ভুক্তি ও ক্যাশলেস বাংলাদেশ গড়ার লক্ষ্যে টেলিক্যাশ- এর যাত্রা শুরু



আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণ এবং বাংলাদেশকে ক্যাশলেস বা ডিজিটাল অর্থনীতির দিকে এগিয়ে নিতে বাণিজ্যিক কার্যক্রম শুরু করেছে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) প্রতিষ্ঠান টেলিক্যাশ লিমিটেড। প্রতিষ্ঠানটি সাউথইস্ট ব্যাংক পিএলসির একটি সহযোগী প্রতিষ্ঠান। বাংলাদেশ ব্যাংকের কাছ থেকে গত ২৪ সেপ্টেম্বর ২০২৬ বাণিজ্যিক কার্যক্রম শুরুর চূড়ান্ত অনুমোদন পাওয়ার পর মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) আনুষ্ঠানিকভাবে টেলিক্যাশের



যাত্রা শুরু হয়। এ উপলক্ষে ঢাকায় সাউথইস্ট ব্যাংক পিএলসির প্রধান কার্যালয়ে এক জমকালো উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাউথইস্ট ব্যাংক পিএলসির চেয়ারম্যান ও প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এবং এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি এম. এ. কাশেম। বিশেষ অতিথি ছিলেন টেলিক্যাশ লিমিটেডের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান নাসির উদ্দিন আহমেদ।



এ ছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাউথইস্ট ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খালিদ মাহমুদ খান, টেলিক্যাশ লিমিটেডের ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক এ. কে. এম. মনিরুল ইসলাম, উভয় প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সদস্য এবং উর্ধ্বতন কর্মকর্তারা।

অনুষ্ঠানে এম. এ. কাশেম বলেন, টেলিক্যাশের যাত্রা শুরু বাংলাদেশের আর্থিক অন্তর্ভুক্তি জোরদার এবং ডিজিটাল আর্থিক সেবাকে নতুন উচ্চতায় নিয়ে



যাওয়ার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। অভিব্যক্তি প্রতিষ্ঠান হিসেবে সাউথইস্ট ব্যাংক টেলিক্যাশকে প্রয়োজনীয় কৌশলগত সহায়তা ও দিকনির্দেশনা দেবে, যাতে প্রতিষ্ঠানটি মানুষের জন্য নিরাপদ, সহজ ও উদ্ভাবনী আর্থিক সেবা নিশ্চিত করতে পারে।

টেলিক্যাশের চেয়ারম্যান নাসির উদ্দিন আহমেদ বলেন, 'আনুষ্ঠানিকভাবে টেলিক্যাশের যাত্রা শুরু দেশের ডিজিটাল আর্থিক সেবা সম্প্রসারণের অঙ্গীকারে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। সাউথইস্ট ব্যাংকের অভিজ্ঞতা ও সহযোগিতাকে কাজে লাগিয়ে নিরাপদ, নির্ভরযোগ্য ও গ্রাহককেন্দ্রিক এমএফএস প্ল্যাটফর্ম গড়ে তোলার লক্ষ্য রয়েছে তাদের। এর মাধ্যমে দেশের ডিজিটাল অর্থনীতির টেকসই প্রবৃদ্ধিতে

অর্থবহ ভূমিকা রাখার প্রত্যাশা ব্যক্ত করেন তিনি।

টেলিক্যাশ লিমিটেডের ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক এ. কে. এম. মনিরুল ইসলাম অনুষ্ঠানে প্রতিষ্ঠানের ব্যবসায়িক কৌশল ও লক্ষ্য তুলে ধরেন। তিনি বলেন, টেলিক্যাশ শুধু বাজারে আরেকটি এমএফএস ব্র্যান্ড হিসেবে প্রতিষ্ঠিত হতে চায় না; বরং প্রযুক্তিগত উৎকর্ষ, ঝুঁকি-সচেতন কার্যক্রম এবং সুশৃঙ্খল কর্পোরেট গভর্ন্যান্সের সমন্বয়ে একটি বিশ্বস্ত ডিজিটাল আর্থিক সেবা প্ল্যাটফর্ম গড়ে তুলতে চায়।

তিনি আরও বলেন, 'Secure Transactions, Instantly' এই অঙ্গীকারকে সামনে রেখে টেলিক্যাশের অন্যতম প্রধান

লক্ষ্য হলো গ্রাহকদের জন্য বাংলা কিউআর (Bangla QR)-ভিত্তিক ডিজিটাল লেনদেন আরও সহজ ও সশ্রু করা।

অনুষ্ঠানে সাউথইস্ট ব্যাংক পিএলসির ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খালিদ মাহমুদ খান ব্যাংকের প্রাতিষ্ঠানিক সক্ষমতাকে কাজে লাগিয়ে একটি শক্তিশালী ডিজিটাল আর্থিক সেবা-ব্যবস্থা গড়ে তোলার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

টেলিক্যাশের বাণিজ্যিক কার্যক্রম শুরুর মধ্য দিয়ে দেশের মোবাইল আর্থিক সেবা খাতে নতুন একটি প্রতিষ্ঠানের আনুষ্ঠানিক যাত্রা শুরু হলো।



বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকস (বিএবি) প্রতিনিধিদলের মহামান্য রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ



বাংলাদেশ অ্যাসোসিয়েশন
অব ব্যাংকস (বিএবি)-এর
চেয়ারম্যান জনাব আব্দুল হাই
সরকারের নেতৃত্বে বেসরকারি
ও রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকের
শীর্ষ নির্বাহীদের সমন্বয়ে
গঠিত একটি উচ্চপর্যায়ের
প্রতিনিধিদল গত ২৪ সেপ্টেম্বর
২০২৬ বঙ্গভবনে গণপ্রজাতন্ত্রী

বাংলাদেশের মহামান্য
রাষ্ট্রপতি মির্জা ফখরুল
ইসলাম আলমগীরের সঙ্গে
সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময়
করেছেন।

সাক্ষাৎকালে প্রতিনিধিদলে বিএবির ভাইস
চেয়ারম্যানবৃন্দ, সাউথইস্ট ব্যাংক পিএলসি.-
এর চেয়ারম্যান জনাব এম. এ. কাশেম
এবং দেশের বিভিন্ন ব্যাংকের চেয়ারম্যান,
ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী
কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দেশের সামগ্রিক ব্যাংকিং খাতের বর্তমান
পরিস্থিতি ও নানামুখী চ্যালেঞ্জ সম্পর্কে
রাষ্ট্রপতিকে অবহিত করা হয় এবং খাতটির
হারানো গৌরব ও জনগণের আস্থা ফিরিয়ে
আনার অঙ্গীকার করা হয়।

মহামান্য রাষ্ট্রপতি ব্যাংক মালিক ও
নির্বাহীদের অত্যন্ত দায়িত্বশীলতার সঙ্গে কাজ
করার আহ্বান জানিয়ে বলেন, অতীতে
ক্ষমতার অপব্যবহার করে ব্যাংকিং খাত
থেকে বিপুল পরিমাণ অর্থ বের করে নেওয়া
হয়েছে। এই ভঙ্গুর পরিস্থিতি কাটিয়ে উঠে
সাধারণ গ্রাহকদের মনে ব্যাংকিং ব্যবস্থার
প্রতি শতভাগ আস্থা ফিরিয়ে আনতে সবাইকে
সম্মিলিতভাবে কাজ করতে হবে।

জনাব এম. এ. কাশেম

সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে পুনর্নির্বাচিত



২০২৬ সালের ৯
আগস্ট অনুষ্ঠিত
ব্যাংকের ৭৯৬তম
পরিচালনা পর্ষদের
সভায় তিনি
সর্বসম্মতিক্রমে
ব্যাংকের চেয়ারম্যান
পুনর্নির্বাচিত হন।
জনাব এম. এ.
কাশেম সাউথইস্ট
ব্যাংক পিএলসি.-
এর প্রতিষ্ঠাতা
চেয়ারম্যান এবং
স্পন্সর ডিরেক্টর
(উদ্যোক্তা
পরিচালক)...

আলহাজ্ব এম. এ. কাশেম- দেশের শীর্ষস্থানীয় শিল্পপতি, সাফল্যের বরপুত্র, কর্মবীর, জনদরদী, মানবতাবাদী, জীবন সংগ্রামী এক বীরের প্রতিকৃতি। বাণিজ্যিক ব্যাংক, ব্যবসা-বাণিজ্য, শিল্প, শিক্ষা ও সমাজ সেবায় যার রয়েছে সদর্প পদচারণা। সততা, ন্যায়নিষ্ঠা ও প্রখর বুদ্ধিমত্তা যাকে সম্মানের উচ্চাসনে করেছে আসীন। এ মহান ব্যক্তিত্ব আজ দেশের শীর্ষস্থানীয় একজন উদ্যোক্তা। শিক্ষা জীবন শেষ করার পর আলহাজ্ব এম. এ. কাশেম দৃঢ় ইচ্ছা, একগ্রতা, সততা আর কঠোর পরিশ্রমকে পুঁজি করে ষাট দশকের মাঝের দিকে সামান্য পুঁজি নিয়ে তার ব্যবসায়িক জীবন শুরু করেন। তিনি অতি অল্প সময়ের মধ্যে ব্যবসা বাণিজ্যে নিজেকে প্রতিষ্ঠিত করে শিল্পায়নে বিশেষ ভূমিকা রাখেন এবং একটি শতভাগ রপ্তানিমুখী জুট স্পিনিং মিল ও রি-রোলিং মিল প্রতিষ্ঠা করেন। বিভিন্ন ঘাত-প্রতিঘাত পেরিয়ে তিনি আজ দেশের একজন শীর্ষস্থানীয় শিল্পপতি।

ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (FBCCI) এর অন্যতম সফল সভাপতি ছিলেন জনাব এম এ কাশেম। বাংলাদেশের ব্যবসায়ী সমাজ ১৯৮৫ সালে জনাব কাশেমকে ৮৪% ভোটে এফবিসিসিআই সভাপতি নির্বাচিত করেন। বাংলাদেশে জনাব কাশেম FBCCI সভাপতি থাকাকালীন শিল্পায়নে এক আলোড়ন সৃষ্টি করেন এবং বৈদেশিক বিনিয়োগের জন্য বিশ্বের নানা দেশ থেকে প্রায় ২০০ জন এর অধিক বিনিয়োগকারী ও শিল্পপতিদের নিয়ে ঢাকায় ইনভেস্টরস ফোরাম (Investors forum) করেন। এই ফোরামে অনেকে বাংলাদেশে বিনিয়োগে আগ্রহ প্রকাশ করে। প্রকাশ থাকে যে, বাংলাদেশের ব্যবসায়ী সমাজের শীর্ষ সংস্থা FBCCI এর সে সময়ে কোন নিজস্ব ভবন ছিল না। তখন জনাব কাশেম অতি অল্প সময়ের মধ্যে ব্যবসায়ীদের ও সরকারের সহযোগিতায় ঢাকার মতিবিলুপ্ত আধুনিক সাত তলা বিশিষ্ট প্রায় ৬৮,০০০ বর্গফুটের মূল কার্যালয় ফেডারেশন ভবন প্রতিষ্ঠা করেন। এর ফলে ব্যবসায়ী ও শিল্পপতির উপকৃত হন এবং কাশেম সাহেব সকল মহলে বিশেষ সুনাম অর্জন করেন। কেবল তাই নয় তার এই সাফল্যের জন্য তখনকার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কেবিনেটে তিনি আলোচিত হন এবং সম্মান স্বরূপ কাশেম সাহেবের ফেডারেশনের আয়ুষ্কাল সরকারী নির্দেশে এক বছর স্থলে দুই বছর করা হয়। পরবর্তীতে সকল চেম্বার অফ কমার্স ও এ্যাসোসিয়েশন এর আয়ুষ্কাল

এক বছরের স্থলে দুই বছর করা হয়। তার বলিষ্ঠ নেতৃত্ব এবং দূরদর্শিতায় FBCCI-এ প্রাণবন্ত পরিবেশ সৃষ্টি হয়। দেশের রপ্তানিতে বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ তিনি দুই বার রাষ্ট্রপতি রপ্তানী পদক ও শিল্পায়নে অগ্রণী ভূমিকা রাখার জন্য তিনি “সি আর দাস” স্বর্ণপদক লাভ করেন। উচ্চ শিক্ষায় তাঁর অসামান্য অবদানের জন্য তিনি আবু রুশদ পরিবারের পক্ষ হতে ২০১৯ সালে ‘আবু রুশদ গুণীজন সম্মাননা পুরস্কার’ প্রাপ্ত হন। এছাড়া তিনি বছব্যার বাংলাদেশ সরকারের ব্যবসায়ী প্রতিনিধি হিসেবে বিভিন্ন দেশে নেতৃত্ব দেন যার সুফল আজও বহমান।

বাংলাদেশের শিক্ষাব্যবস্থায় জনাব এম এ কাশেম এক অসামান্য অবদান রাখেন। আশির দশকের শেষের দিকে সরকারের প্রতিনিধি হিসেবে তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য হিসেবে টানা ছয় বছর দায়িত্বে থেকে বিশ্ববিদ্যালয় স্তরে শিক্ষা ব্যবস্থা বিষয়ক বিশেষ অভিজ্ঞতা অর্জন করেন। বাংলাদেশে বেসরকারী বিশ্ববিদ্যালয় এর ধারণা আনার ক্ষেত্রে তিনিই প্রথম অন্যতম ব্যক্তি। আশির দশকের শেষভাগে বাংলাদেশে বেসরকারী বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য প্রচলিত কোন আইন (Act) ছিল না। তখন তিনি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের গুরুত্ব ও তাৎপর্য তৎকালীন রাষ্ট্রপতিকে বোঝাতে সক্ষম হন এবং উনার পরামর্শে বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপনের লক্ষ্যে জনাব কাশেম কার্যক্রম গ্রহণ করেন এবং কতিপয় ব্যবসায়ী ও বিদ্যানুরাগী ব্যক্তিদের নিয়ে তদানিন্তন পার্লামেন্ট থেকে বেসরকারী বিশ্ববিদ্যালয় অ্যাক্ট এর অনুমোদন করতে সক্ষম হন। এরপর তিনি একজন অবসরপ্রাপ্ত সচিব জনাব মোসলেউদ্দিন আহম্মদ কে সাথে নিয়ে ১৯৯২ সালে NSU Trust গঠন করেন। বিশ্ববিদ্যালয় প্রকল্পের তহবিল সংগ্রহের জন্য তিনি NSU ফাউন্ডেশন এন্ডোমেন্ট কমিটির প্রথম চেয়ারম্যান নির্বাচিত হন। জনাব কাশেম সল্প সময়ের মধ্যে প্রয়োজনীয় তহবিলের ব্যবস্থা করার ফলে ১৯৯৩ সালে সরকারের অনুমোদিত প্রথম বেসরকারী বিশ্ববিদ্যালয় হিসেবে নর্থ সাউথ ইউনিভার্সিটি প্রতিষ্ঠিত হয়। এছাড়া তিনি বেসরকারী বিশ্ববিদ্যালয় এর প্রতিষ্ঠাতাদের সংগঠন এসোসিয়েশন অব প্রাইভেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ এর চেয়ারম্যান হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেন।

জনাব কাশেমের বাংলাদেশের বেসরকারী ব্যাংক প্রতিষ্ঠায় ছিল অসামান্য অবদান। মুক্তিযুদ্ধ

পরবর্তী সময়ে যখন দেশে বৈদেশিক মুদ্রার সংকট ছিল তখন উহার সংকট নিরসনে সমাজতান্ত্রিক দেশসমূহের সাথে তিনি বার্টার ব্যবসা শুরু করেছিলেন। ব্যবসা বাণিজ্যের সম্প্রসারণ ও দেশের অর্থনীতি গতিশীল করার লক্ষ্যে কয়েকজন সমমনা উদ্যোক্তাকে নিয়ে ফেডারেশনের মাধ্যমে সরকারের কাছে বেসরকারী ব্যাংকের অনুমোদন পান। পরবর্তীতে ১৯৯৫ সালে তিনি সাউথইস্ট ব্যাংক প্রতিষ্ঠা করেন। তিনি সাউথইস্ট ব্যাংক এর প্রতিষ্ঠাতা ও বর্তমান চেয়ারম্যান, যা বর্তমানে দেশের একটি শীর্ষ স্থানীয় ব্যাংক। জনাব কাশেম একজন জনহিতৈষী, খ্যাতিমান সমাজসেবক। গ্রামীণ এলাকার দরিদ্র, নিঃস্ব ও সুবিধাবঞ্চিত জনগণের জন্য

তিনি আবাসস্থল নির্মাণ করেছেন। এছাড়া তিনি বেশ কয়েকটি স্কুল, মাদ্রাসা, মসজিদ ইত্যাদি স্থাপন করেছেন। তার এলাকার সুবিধাবঞ্চিত প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের শিক্ষার প্রসারের জন্য তিনি এম. কাশেম ট্রাস্ট প্রতিষ্ঠা করেন যা গত ৩/৪ দশক ধরে মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি ও বৃত্তি প্রদান করে আসছে। তাছাড়া, তারেক মেমোরিয়াল হাসপাতালের নামে তিনি একটি জেনারেল হাসপাতাল (অলাভজনক) প্রতিষ্ঠা করেন যা বর্তমানে তার নিজ এলাকায় তারেক মেমোরিয়াল-ইব্রাহিম জেনারেল হাসপাতাল নামে পরিচিত।

তিনি বিভিন্ন সামাজিক সংগঠন যেমন হামদর্দ

ল্যাবরেটরিজ (ওয়াফ) বাংলাদেশ, সাহিক (সোসাইটি ফর অ্যাসিস্ট্যান্ট টু হোয়ারিং ইমপেয়ারড চিলড্রেন) ইত্যাদির বোর্ডের একজন সক্রিয় সদস্য ও দাতা ছিলেন। এছাড়া তিনি আঞ্জুমান মফিদুল ইসলামের কার্যক্রমের পৃষ্ঠপোষকতাও করে আসছেন বহু বছর ধরে।

এছাড়া জনাব কাশেম কুর্মিটোলা গলফ ক্লাব, গুলশান ক্লাব লিমিটেড, বারিধারা কসমোপলিটন ক্লাব, বাংলাদেশ ডায়াবেটিক অ্যাসোসিয়েশন, ঢাকা, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, ন্যাশনাল শুটিং ক্লাব এবং শিশু হাসপাতাল, চট্টগ্রামের একজন সক্রিয় সদস্য।



সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর স্বতন্ত্র পরিচালক মনোনীত হওয়ায় অভিনন্দন



নূরজাহান বেগম, এনডিসি
অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত)
সাবেক সদস্য, বাংলাদেশ
সরকারি কর্ম কমিশন

মিসেস নূরজাহান বেগম, এনডিসি একজন সম্মানিত অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা, যিনি জনপ্রশাসন, কর প্রশাসন, অর্থনৈতিক ব্যবস্থাপনা ও সুশাসনের ক্ষেত্রে প্রায় চার দশকের অভিজ্ঞতা অর্জন করেছেন। তিনি সেপ্টেম্বর ২০১৭ থেকে জুলাই ২০২২

পর্যন্ত বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের (বিপিএসসি) সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। এ সময় তিনি জনবল নিয়োগ, পরীক্ষা পরিচালনা এবং সরকারি চাকরি-সংক্রান্ত প্রশাসন ও সুশাসনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। সরকারি কর্ম কমিশনে যোগদানের পূর্বে তিনি বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব এবং জাতীয় প্রতিরক্ষা কলেজের (এনডিসি) সিনিয়র ডাইরেক্টিং স্টাফ (সিভিল) হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে ব্যাচেলর অব সোশ্যাল সায়েন্স (অনার্স) এবং মাস্টার অব সোশ্যাল সায়েন্স (এম.এস.এস.) ডিগ্রি অর্জন করেন। তাঁর এই শক্তিশালী একাডেমিক ভিত্তি জনপ্রশাসন ও অর্থনৈতিক নীতি-সংক্রান্ত কর্মজীবনে গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা পালন করেছে।



জাস্টিস মো: আজিজুল হক
অতিরিক্ত বিচারপতি
বাংলাদেশ সুপ্রিম কোর্টের
হাইকোর্ট বিভাগ, ঢাকা

জাস্টিস মো: আজিজুল হক বাংলাদেশ বিচার বিভাগের একজন সদস্য হিসেবে তিন দশকেরও বেশি সময় ধরে বিচারিক দায়িত্ব পালন করেছেন। অধস্তন বিচার বিভাগে তিনি জেলা ও দায়রা জজ, অতিরিক্ত জেলা ও

দায়রা জজ, যুগ্ম জেলা জজ এবং বিশেষ জজসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন।

তিনি ২০০৮ থেকে ২০১০ সাল পর্যন্ত বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি হিসেবে দায়িত্ব পালন করেন।

২০১৫ সাল থেকে তিনি ঢাকার সিটি আরবিট্রেশন সেন্টারে সালিশকারী (Arbitrator) হিসেবে দায়িত্ব পালন করে আসছেন।

তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে ব্যাচেলর অব সায়েন্স (বি.এসসি.) এবং ব্যাচেলর অব লজ (এলএল.বি.) ডিগ্রি অর্জন করেন।



সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর ৯ম বিশেষ সাধারণ সভা (ইজিএম) এবং ৩১তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) ডিজিটাল প্ল্যাটফর্মে অংশগ্রহণের মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভায় শেয়ারহোল্ডাররা অনুমোদিত মূলধন ১,৫০০ কোটি টাকা থেকে বৃদ্ধি করে ২,০০০ কোটি টাকা করার প্রস্তাব অনুমোদন করেন। এছাড়াও ৩% নগদ লভ্যাংশ এবং ৭% স্টক লভ্যাংশ অনুমোদন করেন...

সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর ৯ম বিশেষ সাধারণ সভা (ইজিএম) এবং ৩১তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) গত ২৩শে জুলাই, ২০২৬ ইং রোজ বৃহস্পতিবার ডিজিটাল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হয়। সভায় সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর সম্মানিত চেয়ারম্যান জনাব এম. এ. কাশেম সভাপতিত্ব করেন। ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে সভায় অংশগ্রহণ করেন ব্যাংকের সম্মানিত ভাইস চেয়ারপারসন মিসেস রেহানা রহমান। এছাড়াও সাধারণ সভায় উপস্থিত ছিলেন পর্যদের পরিচালকবৃন্দ মিসেস জোসনা আরা কাশেম, মিসেস দুলামা আহমেদ, জনাব নাসির উদ্দিন আহমেদ, ইঞ্জিনিয়ার খন্দকার বদরুল হাসান (চেয়ারম্যান, ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি), মিস. নুর নাহার তারিন, জনাব মোঃ রফিকুল ইসলাম (প্রতিনিধি পরিচালক: এশিয়া ইন্স্যুরেন্স পিএলসি), স্বতন্ত্র পরিচালক ব্যারিস্টার এম. মঈন, আলম ফিরোজী (চেয়ারম্যান অডিট কমিটি) এবং স্বতন্ত্র পরিচালক মিসেস নুরজাহান বেগম, এনডিসি। সভায় আরও সংযুক্ত ছিলেন কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মো: খালিদ মাহমুদ খান এবং কোম্পানী সচিব জনাব মামুনুর রশীদ, এফসিএস। ব্যাংকের সম্মানিত উদ্যোক্তাগণ এবং বিপুল সংখ্যক শেয়ারহোল্ডারগণ ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে সভায় অংশগ্রহণ করেন।

সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও জনাব মো: খালিদ মাহমুদ খান ৯ম বিশেষ সাধারণ সভা ও ৩১তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে অংশগ্রহণকারী শেয়ারহোল্ডারগণকে স্বাগত জানান এবং ২০২৫ সালে ব্যাংকের পরিচালন ফলাফলের উপর আলোকপাত করেন। তিনি ব্যাংক কর্তৃক গৃহীত ভবিষ্যৎ পরিকল্পনা এবং কৌশলসমূহ উপস্থাপন

সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর ৯ম বিশেষ সাধারণ সভা এবং ৩১তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

করেন যা ব্যাংকের পরিচালনগত দক্ষতা ও সম্পদের গুণগত মান বৃদ্ধিতে সহায়তা করবে।

সভায় ব্যাংকের ভাল পরিচালন প্রসূত মুনাফা ও ব্যবসায় উত্তম প্রবৃদ্ধি অর্জনের উপর আলোকপাত করা হয়। সভায় প্রকাশ করা হয় যে, ব্যাংক বিগত ২০২৫ সালে ১১,৯৭৮.৪৩ মিলিয়ন টাকা (সম্মিলিত) পরিচালন মুনাফা অর্জন করেছে। ৩১শে ডিসেম্বর, ২০২৫ ইং তারিখে ব্যাংকের আমানতের পরিমাণ ৪৩৯,২৩৪.৯০ মিলিয়ন টাকা, মোট সম্পদের পরিমাণ ৫৫৪,৪২৪.৫৬ মিলিয়ন টাকা, শেয়ার প্রতি আয় ২.৫১ টাকা (সম্মিলিত), শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য ২৫.৭৪ (সম্মিলিত) ছিল। ২০২৫ সালে ব্যাংকের মূল্য-আয় অনুপাত ছিল ৩.৬২ গুন। ৩১শে ডিসেম্বর, ২০২৫ ইং তারিখে ব্যাংকের রেগুলেটরি মূলধনের পরিমাণ দাঁড়িয়েছে ৫১,০৯৬.১৮ মিলিয়ন টাকায়। ব্যয় দক্ষতার ভিত্তিতে সাউথইস্ট ব্যাংক পিএলসি. ব্যাংকিং খাতে শীর্ষস্থানে অবস্থান করছে। ব্যাংকের আয় অনুপাতে ব্যয় ছিল ৩৯.৫৬%।

৯ম বিশেষ সাধারণ সভায় অংশগ্রহণকারী শেয়ারহোল্ডারগণ সর্বসম্মতিক্রমে ব্যাংকের অনুমোদিত মূলধন ১,৫০০ কোটি টাকা থেকে ২,০০০ কোটি টাকায় উন্নীতকরণের বিশেষ প্রস্তাব অনুমোদন করেন। একই সঙ্গে সংঘ স্মারকের দফা 'ভি' এবং সংঘবিধির অনুচ্ছেদ ৪. এ. বিধির সংশোধনী প্রস্তাবও সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। ৩১তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে অংশগ্রহণকারী শেয়ারহোল্ডারগণ পরিচালনা পর্যদ কর্তৃক ঘোষিত ৩% নগদ লভ্যাংশ এবং ৭% বোনাস শেয়ার অনুমোদন করেন।

সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর চেয়ারম্যান জনাব এম. এ. কাশেম ব্যাংকের টেকসই প্রবৃদ্ধির জন্য শেয়ারহোল্ডারদের ধারাবাহিক সহযোগিতা ও সক্রিয় সমর্থনের প্রতি আন্তরিক প্রশংসা প্রকাশ করেন। একই সাথে তিনি শেয়ারহোল্ডারগণকে আশ্বস্ত করেন যে, ব্যাংকের ব্র্যান্ড ইমেজবৃদ্ধিসহ সামগ্রিক কার্যক্রমের দক্ষতা ও কর্মসম্পাদন আরও ত্বরান্বিত করতে শেয়ারহোল্ডারগণের মূল্যবান পরামর্শসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে।



সবুজ শিল্প ও সবুজ কারখানা স্থাপনে বাংলাদেশ ব্যাংকের ১,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমে যুক্ত হলো সাউথইস্ট ব্যাংক পি এল সি.

পরিবেশবান্ধব ও টেকসই শিল্পায়নে অর্থায়নকে আরও গতিশীল করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের ১,০০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমে অংশগ্রহণ করেছে সাউথইস্ট ব্যাংক পিএলসি। সম্প্রতি ঢাকার মতিঝিলে বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ে আয়োজিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে

সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খালিদ মাহমুদ খান এবং বাংলাদেশ ব্যাংকের সাসটেইনেবল ফাইন্যান্স বিভাগের পরিচালক এ. কে. এম. নূরুল্লাহী চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে অংশ নেন। বাংলাদেশ ব্যাংকের এ উদ্যোগের আওতায় বিশেষ করে সবুজ শিল্প

স্থাপন এবং সবুজ কারখানা ভবন নির্মাণে অর্থায়নকে উৎসাহিত করা হবে। চুক্তির ফলে সাউথইস্ট ব্যাংক পিএলসি. এ স্কিমের আওতায় যোগ্য উদ্যোক্তা ও গ্রাহকদের অগ্রাধিকারমূলক সুদহারে অর্থায়ন প্রদানের সুযোগ পাবে।

সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর পক্ষ থেকে জনাব মাসুদ খান এফসিএ, এফসিএমএ, চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন -কে ফুলেল শুভেচ্ছা ও আন্তরিক অভিনন্দন



সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর একটি প্রতিনিধিদল বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-এর চেয়ারম্যান জনাব মাসুদ খান-এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব আবদুর রহমান চৌধুরী এর নেতৃত্বে জনাব মামুনুর রশিদ এফসিএস, সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও কোম্পানি সেক্রেটারি, জনাব সায়মা বানু, এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও ট্রেনিং ইনস্টিটিউট প্রধান এবং জনাব মুশফিকুর রহমান, এক্সিকিউটিভ

ভাইস প্রেসিডেন্ট ও লজিস্টিক অ্যান্ড জেনারেল সার্ভিসেস ডিভিশন প্রধান এর সমন্বয়ে প্রতিনিধিদলটি ব্যাংকের সার্বিক পরিস্থিতি, বর্তমান কার্যক্রম, আর্থিক অবস্থান এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে বিএসইসি চেয়ারম্যানের সঙ্গে বিস্তারিত আলোচনা করেন।

বিএসইসি চেয়ারম্যান জনাব মাসুদ খান সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর সার্বিক কার্যক্রম ও অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। তিনি ব্যাংকের কার্যক্রমকে আরও সুসংগঠিত ও শক্তিশালী করার ওপর

গুরুত্বারোপ করেন এবং ব্যাংকের ভবিষ্যৎ কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর প্রতিনিধিদল বিএসইসি চেয়ারম্যানের মূল্যবান সময়, পরামর্শ ও সহযোগিতার জন্য আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। তাঁরা আশা প্রকাশ করেন যে, সংশ্লিষ্ট নিয়ন্ত্রক সংস্থার সহযোগিতায় ব্যাংকটি তার মূলধন কাঠামো আরও শক্তিশালী করে দেশের অর্থনৈতিক উন্নয়ন ও টেকসই আর্থিক ব্যবস্থায় আরও কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে।

সাউথইস্ট ব্যাংক পিএলসি'র ঢাকা ও ময়মনসিংহ অঞ্চলের ব্যবসায়িক পর্যালোচনা সম্মেলন অনুষ্ঠিত



গত ০৫ সেপ্টেম্বর ২০২৬ তারিখে সাউথইস্ট ব্যাংক পিএলসি'র ঢাকা ও ময়মনসিংহ অঞ্চলের ব্যবসায়িক পর্যালোচনা সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। ঢাকা ও ময়মনসিংহ অঞ্চলের কৌশলগত ব্যবসায়িক লক্ষ্যসমূহের সঙ্গে সামঞ্জস্য তৈরি, কার্যক্রমের বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা এবং টেকসই ব্যবসায়িক প্রবৃদ্ধির লক্ষ্যে ভবিষ্যৎমুখী কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে এ সম্মেলনের আয়োজন

করা হয়। সম্মেলনে সাউথইস্ট ব্যাংক পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খালিদ মাহমুদ খান, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ, উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ, ঢাকা অঞ্চলের আঞ্চলিক প্রধান, প্রধান কার্যালয়ের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ, ব্যাংকের বিভিন্ন বিভাগের প্রধানবৃন্দ, ঢাকা ও ময়মনসিংহ অঞ্চলের শাখা ব্যবস্থাপকবৃন্দ এবং অন্যান্য

কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

সম্মেলনে খেলাপি ঋণ আদায়কে সর্বোচ্চ অগ্রাধিকার হিসেবে চিহ্নিত করা হয়। এ লক্ষ্যে শাখা ব্যবস্থাপকদের বাস্তবসম্মত ঋণ আদায় পরিকল্পনা বাস্তবায়ন, ঋণগ্রহীতাদের সঙ্গে কার্যকর যোগাযোগ বৃদ্ধি এবং প্রয়োজনে যথাযথ ও সমন্বিতপন্থায় আইনগত ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেওয়া হয়।

সাউথইস্ট ব্যাংক পিএলসি'র চট্টগ্রাম অঞ্চলের আঞ্চলিক সম্মেলন অনুষ্ঠিত



গত ১৫ আগস্ট ২০২৬ তারিখে আত্মবাদ শাখার কনফারেন্স রুমে সাউথইস্ট ব্যাংক পিএলসি'র চট্টগ্রাম অঞ্চলের আঞ্চলিক সম্মেলন সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। চট্টগ্রাম অঞ্চলের কৌশলগত ব্যবসায়িক লক্ষ্যসমূহের সঙ্গে সামঞ্জস্য তৈরি, কার্যক্রমের বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা এবং টেকসই ব্যবসায়িক প্রবৃদ্ধির লক্ষ্যে ভবিষ্যৎমুখী কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্দেশ্যে

এ সম্মেলনের আয়োজন করা হয়।

সম্মেলনে উপস্থিত ছিলেন সাউথইস্ট ব্যাংক পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ খালিদ মাহমুদ খান, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ, উপ-ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম অঞ্চলের আঞ্চলিক প্রধান, উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, চট্টগ্রাম অঞ্চলের বিভিন্ন শাখার শাখা ব্যবস্থাপক ও অন্যান্য কর্মকর্তারা উপস্থিত

ছিলেন। সমাপনী বক্তব্যে সাউথইস্ট ব্যাংক পিএলসি'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ খালিদ মাহমুদ খান সকল শাখা ব্যবস্থাপককে নিয়ন্ত্রক সংস্থার নির্দেশনা যথাযথভাবে পরিপালনের মাধ্যমে কমপ্লয়েন্সভিত্তিক ব্যাংকিং পরিবেশ নিশ্চিত করা, গ্রাহকসেবার মান আরও উন্নত করা এবং রিটেইল ব্যাংকিং ব্যবসা সম্প্রসারণে নতুন ও সম্ভাবনাময় গ্রাহক সেগমেন্ট চিহ্নিত করার আহ্বান জানান।



সাউথইস্ট ব্যাংক পিএলসি. উন্মোচন করলো তাদের প্রথম ফ্ল্যাগশিপ গবেষণা প্রকাশনা, ইকোনমিক আউটলুক ২০২৬- এনকোরিং ইনসাইট

সাউথইস্ট ব্যাংক পিএলসি. গবেষণানির্ভর ও জ্ঞানভিত্তিক ব্যাংকিং সংস্কৃতি বিকাশে নতুন এক মাইলফলক অর্জন করেছে। ব্যাংকের এমআইএস, রিসার্চ অ্যান্ড প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট - এর উদ্যোগে প্রথম ফ্ল্যাগশিপ গবেষণা প্রকাশনা ইকোনমিক আউটলুক ২০২৬ - এনকোরিং ইনসাইট-এর মোড়ক উন্মোচন অনুষ্ঠান ২ আগস্ট ২০২৬ তারিখে ব্যাংকের ঢাকাস্থ প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। প্রকাশনাটিতে বৈশ্বিক ও

বাংলাদেশের অর্থনীতি, ব্যাংকিং ও আর্থিক খাত, পুঁজিবাজার, বৈদেশিক বাণিজ্য, রেমিট্যান্স, গুরুত্বপূর্ণ শিল্পখাত, টেকসই উন্নয়ন, জনমিতিক উপাত্ত এবং সমষ্টিক অর্থনৈতিক পরিস্থিতির তথ্যনির্ভর বিশ্লেষণ উপস্থাপন করা হয়েছে। প্রতিবেদনের লক্ষ্য হলো কর্পোরেট ব্যাংকিং, এসএমই, রিটেইল, ড্রেজারি, ইনভেস্টমেন্ট ব্যাংকিং ও রেমিট্যান্স কার্যক্রমে তথ্যসমৃদ্ধ সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করা এবং পরিবর্তনশীল অর্থনৈতিক

প্রেক্ষাপট সম্পর্কে কার্যকর অন্তর্দৃষ্টি প্রদান করা।

মোড়ক উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ খালিদ মাহমুদ খান, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ, উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ, সিনিয়র এক্সিকিউটিভবৃন্দ, বিভাগীয় প্রধানবৃন্দ এবং সারাদেশের শাখা ব্যবস্থাপকবৃন্দ।

সাউথইস্ট ব্যাংক পিএলসি এবং বিওয়াইডি বাংলাদেশ-এর মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর



সাউথইস্ট ব্যাংক পিএলসি এবং বিওয়াইডি বাংলাদেশ -এর মধ্যে একটি সমঝোতা স্মারক সম্পাদিত হয়েছে। এই চুক্তির আওতায়, বিওয়াইডি ব্যাণ্ডের গাড়ি ক্রয়কারী গ্রাহকরা সহজ শর্তে সাউথইস্ট কার লোন উপভোগ করবেন। সাউথইস্ট ব্যাংক

পিএলসি'র উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ সেকান্দার-ই-আজম এবং বিওয়াইডি বাংলাদেশ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব আমাদ সাকিফ খান নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে সাউথইস্ট ব্যাংক পিএলসি.র ইভিপি

ও লজিস্টিক অ্যান্ড জেনারেল সার্ভিসেস ডিভিশনের প্রধান জনাব মোঃ মুশফিকুর রহমান, রিটেইল ব্যাংকিং বিভাগের ভাইস প্রেসিডেন্ট জনাব মোঃ আব্দুল কাদের এবং উভয় প্রতিষ্ঠানের অন্যান্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর



বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত অর্থায়ন প্যাকেজসমূহ বাস্তবায়নের লক্ষ্যে ৪১ হাজার কোটি টাকার তহবিল - এ অংশগ্রহণ চুক্তি স্বাক্ষর করেছে সাউথইস্ট ব্যাংক পিএলসি।



বাংলাদেশ ব্যাংকের ৫,০০০ কোটি টাকার সিএমএসএমই খাতে চলতি মূলধন পুনঃঅর্থায়ন কর্মসূচিতে সাউথইস্ট ব্যাংক পিএলসি অংশগ্রহণ।



সাউথইস্ট ব্যাংক পিএলসি, হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) কর্তৃক আয়োজিত “হজ্জ ও ওমরাহ ফেয়ার-২০২৬” এ কো-স্পন্সর হিসেবে অংশগ্রহণ।



সাউথইস্ট ব্যাংক পিএলসি, এবং নদী বাংলা কনস্ট্রাকশন লি: এর মধ্যে সমঝোতা চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান।



সাউথইস্ট ব্যাংক পিএলসি, এবং দ্যা স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং লিমিটেডের (এস.ই.এল) মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে।



সাউথইস্ট ব্যাংক পিএলসি, এবং ট্রাস্ট অ্যান্ড পে লিমিটেড (ট্যাপ)-এর মধ্যে কৌশলগত চুক্তি স্বাক্ষরিত।

চামড়া ও চামড়াজাত শিল্পের উন্নয়ন ও সম্প্রসারণে বাংলাদেশ ব্যাংকের ২,০০০ কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কিমে যুক্ত হলো সাউথইস্ট ব্যাংক পিএলসি.



চামড়া খাতকে টেকসই, পরিবেশবান্ধব ও বিশ্বব্যাপী প্রতিযোগিতামূলক শিল্পে রূপান্তর করার লক্ষ্যে সাউথইস্ট ব্যাংক পিএলসি. সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের ২,০০০ কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কিমের অংশগ্রহণ চুক্তি স্বাক্ষর করেছে।

বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর মো. আনিছুর রহমান চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক মো. মজিবুর রহমান শেখ, এসএমইএসপিডি এর পরিচালক মো. জবদুল

ইসলাম এবং সাউথইস্ট ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মো. মাহবুব আলম, এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ও এসএমই অ্যান্ড এগ্রি-ফ্রেন্ডলি ডিভিশনের প্রধান মোহাম্মদ আসিকুজ্জামান খান।

সাউথইস্ট
ব্যাংক পিএলসি.
ও পল্লী কর্ম-
সহায়ক
ফাউন্ডেশন এর
মধ্যে ক্রেডিট
গ্যারান্টি চুক্তি
স্বাক্ষর



সাউথইস্ট ব্যাংক পিএলসি. সম্প্রতি পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সঙ্গে ক্রেডিট গ্যারান্টি চুক্তি স্বাক্ষর করেছে যা দেশের ক্ষুদ্র উদ্যোগসমূহের প্রাতিষ্ঠানিক অর্থায়নের সুযোগ সম্প্রসারণে গুরুত্বপূর্ণ

ভূমিকা পালন করবে।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে পিকেএসএফ এর ব্যবস্থাপনা পরিচালক মো. ফজলুল কাদের এবং সাউথইস্ট ব্যাংক পিএলসি. এর

উপব্যবস্থাপনা পরিচালক মো. মাসুম উদ্দিন খান, এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট মো. মুশফিকুর রহমান সহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

গ্রাহকের চোখে সাউথইস্ট ব্যাংক পিএলসি. A Legacy of Building for the Long Term



MASOOD DAWOOD AKBANI

Founder &
Managing Director,
ACS Textiles
(Bangladesh)
Limited Chairman,
Mana Bay Splash
Water Park Limited

From a pioneering home-textile manufacturing platform in Bangladesh to the country's first premium leisure destination; four decades of vision, execution, reinvestment and long-term value creation built with the strong backing of Southeast Bank PLC. through the years of its growth...



I came to Bangladesh in 1988 and since built ACS Textiles (Bangladesh) Limited into a vertically integrated, wholly export-oriented home-textile platform at Tetlabo, Rupganj, established on 100% British investment. ACS operates more than 550 looms across integrated weaving, dyeing, printing, finishing, washing, embroidery, tufting, stitching and packing, producing in the order of 30,000 finished pieces a day with a workforce of 6,000 across its textile and towel operations.

In September 2023 the group opened Mana Bay at Gazaria, Munshiganj, the first premium water park in Bangladesh and, per the ride supplier, the third largest outdoor water park in South Asia. Developed over approximately five years across some 60,000 square meters and financed wholly by British investment through ACS Textiles, it was designed and built by Amusement Logic with fifteen ride systems supplied by WhiteWhite. Its five-year development was carried with the continued confidence and





support of Southeast Bank PLC. It opened in September 2023 with the Home Minister as chief guest and the British Deputy High Commissioner as special guest.

Export manufacturing generated foreign exchange and capital; that capital was reinvested in productive assets across successive cycles and the same disciplines, international standards, long development horizons, quality and safety systems, large-scale infrastructure has now produced a substantial domestic leisure asset. That progression was not made unaided. Through the years in which the platform was built and extended, Southeast Bank PLC. has stood behind the business supporting it while capacity was being built, holding its position when markets turned, and backing capital commitments made years ahead of any return. What has been built is the product of his own judgement and execution; that it could be built at this pace and on this scale owes a great deal to a bank that took the same long view of it, and to a relationship sustained on both sides by transparency, consistent servicing and a shared horizon. The record evidences a demonstrated execution capability rather than a single successful venture.

GLOBAL MARKETS AND CUSTOMER BASE

Built in Bangladesh. Developed for global markets.

ACS operates on a wholly export oriented basis, generating foreign exchange across six regions. Supplying to leading international retailers including Marks & Spencer, Sainsbury's and Target stores. Design capability is positioned as a commercial function across four connected centers, from the studio inside the factory at Tetlabo to Blackburn, Malmö and Melbourne, interpreting trends for distinct markets while execution remains in Bangladesh.

RESILIENCE, REINVESTMENT AND EXECUTION

Behind those commitments stands one banking relationship, Southeast Bank PLC—itself founded in 1995 by leading industrialists of this country, with a stated ambition to contribute to the growth of the national economy—has been the financial partner to that programme of investment. The capital that built looms, integrated finishing, environmental infrastructure and, latterly, a five-year destination development was committed by an entrepreneur prepared to

carry the risk, and it was carried alongside a bank prepared to look at the same horizon.

Southeast Bank has treated a manufacturer's long development cycles as something to be supported rather than discounted, and has been consistent in a market where consistency cannot be assumed. It is a partnership the group values highly, and one it has been careful to deserve.

"We take care of the families; it is a family business."


— **Masood Dawood Akbani, on the operating philosophy at ACS - The Worldfolio**

That philosophy is evidenced in the particulars: medical care and transport provided without charge, wages accompanied by two bonuses a year, schooling provided free for employees' children, and wages that continue to reach a family where an employee dies. For an institution assessing operational risk, a workforce retained on those terms is a stability factor rather than a cost line.

Courtesy:

Mr. Ahsanul Hoque

Senior Executive Vice President & Head of Branch, Principal Branch



Mohsin Ahmed
Managing Director,
Mars Group

Southeast Bank PLC. has established itself as a respected financial institution in Bangladesh, supporting trade, industry and entrepreneurship through responsive banking services, prudent financial solutions and a strong customer-focused approach. Over the years, the Bank has continued to build relationships with businesses by understanding their operational requirements and providing financial support suited to their business cycles.

Southeast Bank's Partnership in Advancing the Growth Vision of Mars Group

The ready-made garments sector is one of Bangladesh's key export-oriented industries. The nature of the business requires manufacturers to manage a continuous cycle of procurement, production, wages, utilities, shipment and realization of export proceeds. Timely access to working capital therefore plays an important role in maintaining uninterrupted production and meeting delivery commitments.

Mars Group, (100% export oriented RMG industry), is a valued corporate client of Southeast Bank PLC's Agrabad Branch. The Group's banking relationship with Southeast Bank includes revolving credit facilities in the names of Mars Sportswear Ltd. and Mars Apparels Ltd. These facilities support the companies' ongoing working-capital requirements and provide the financial flexibility necessary to manage their regular business and production cycles.

For an export-oriented apparel



business, revolving facilities are particularly important because operating expenses often have to be incurred before sales or export proceeds are realized. The facilities extended by Southeast Bank help Mars Group bridge this timing gap, support procurement and production activities, and maintain the continuity required for smooth





execution of business orders. The relationship with Southeast Bank is important to us not only because of the availability of financing, but also because of the Bank's responsiveness and understanding of our business. Agrabad Branch has maintained close coordination with our concerns and has remained attentive to our operational banking requirements. This relationship-based approach has helped create a dependable platform for long-term cooperation.

As the apparel industry becomes increasingly competitive, manufacturers need to focus continuously on quality, efficiency, timely delivery, product development, responsible manufacturing and operational resilience. Mars Group remains committed to strengthening its capabilities in these areas

and responding effectively to the changing requirements of customers and international markets.

Banking support has an important role in this growth journey. Access to appropriate working-capital facilities allows a business to plan production more efficiently, manage short-term liquidity needs and respond to new opportunities with greater confidence. Southeast Bank's revolving credit support to Mars Sportswear Ltd. and Mars Apparels Ltd. has therefore become an important component of our overall banking arrangement.

We also value the professional relationship maintained by Southeast Bank PLC., particularly through Agrabad Branch. A bank that understands the nature of its client's business can provide more

effective support, especially when timing and continuity are critical. The Bank's willingness to remain engaged with our requirements has strengthened our confidence in the relationship.

Looking ahead, Mars Group intends to continue improving operational efficiency, strengthening its manufacturing capabilities and pursuing sustainable business growth. We believe that a strong and reliable banking partner will remain essential as we move forward with these objectives.

What distinguishes a meaningful banking relationship is not merely the provision of finance, but the ability to understand a client's business and support its long-term aspirations. Mars Group looks forward to further strengthening its relationship with Southeast Bank PLC. and Agrabad Branch. With continued financial cooperation, responsive service and mutual confidence, we believe this partnership will continue to support our growth and our contribution to Bangladesh's export-oriented apparel industry.



Courtesy:
Mr. Mohammed Kamal Uddin Patwary,
Executive Vice President & HoB,
Agrabad Branch

ছোট স্বপ্ন থেকে বড় সাফল্য-সাউথইস্ট ব্যাংকের সঙ্গে অগ্রযাত্রা



বি. এম. মুরাদ
প্রোপাইটর
অ্যাপোলো ট্রাক্টর অ্যান্ড মোটরস

২০১০ সালে অল্প পুঁজি ও বড় স্বপ্ন নিয়ে যশোরের চাঁচড়া এলাকায় 'এ্যাপোলো ট্রাক্টর এন্ড মোটরস' নামে আমার ব্যবসার যাত্রা শুরু করি। ২০১২ সালে সাউথইস্ট ব্যাংকে ব্যবসায়িক হিসাব খোলার মাধ্যমে শুরু হয় ব্যাংকটির সঙ্গে আমার দীর্ঘ ও আস্থার সম্পর্ক।

আমার ব্যবসার মূল কার্যক্রম হলো ট্রাক্টর, কৃষি যন্ত্রপাতি ও এগ্রি পার্টস আমদানি করে দেশের বাজারে সরবরাহ করা। ব্যবসা সম্প্রসারণের জন্য সাউথইস্ট ব্যাংক থেকে প্রাথমিকভাবে ৫০.০০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করি। ব্যাংকের অর্থায়নের মাধ্যমে ভারত ও চীন থেকে ট্রাক্টর, ট্রাক্টর পার্টস, ডিজেলচালিত থ্রি-হুইলার, রোটাভেটর ও রোটাভেটর রেডসহ বিভিন্ন কৃষি যন্ত্রপাতি আমদানি শুরু করি।

আমার ব্যবসার একটি বড় অংশ সাউথইস্ট ব্যাংকের যশোর শাখার মাধ্যমে পরিচালিত হয়। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো, আমার আমদানি করা কৃষি যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সরাসরি কৃষকদের কৃষিকাজে ব্যবহৃত হয়। ফলে ব্যবসার মাধ্যমে কৃষকদের আধুনিক প্রযুক্তি ব্যবহারে সহায়তা করার পাশাপাশি কৃষির অগ্রগতিতেও অবদান রাখার সুযোগ পাচ্ছি।

ব্যবসার পরিধি বাড়তে পরবর্তীতে রূপদিয়ে চারকোল পাউডার উৎপাদনের জন্য একটি কারখানা স্থাপন করি। কারখানার কার্যক্রম পরিচালনা ও রপ্তানি ব্যবসা সম্প্রসারণে সাউথইস্ট ব্যাংকের যশোর শাখা আমাকে অর্থায়ন ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করেছে।

২০১২ সাল থেকে আজ পর্যন্ত সাউথইস্ট ব্যাংক আমার ব্যবসায়িক পথচলার বিশ্বস্ত অংশীদার। আমি এই ব্যাংককে আমার 'মাদার ব্যাংক' হিসেবে মনে করি। ব্যাংকের পেশাদারিত্ব, উদ্যোক্তাবান্ধব মনোভাব এবং সময়োপযোগী সহযোগিতা আমার ব্যবসার বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

আমি বিশ্বাস করি, এসএমই উদ্যোক্তাদের জন্য আরও দ্রুত ঋণসেবা, সহজ প্রক্রিয়া এবং ডিজিটাল ব্যাংকিং সুবিধা সম্প্রসারিত করা গেলে দেশের উদ্যোক্তা ও গ্রামীণ অর্থনীতি আরও এগিয়ে যাবে।

অল্প পুঁজি নিয়ে শুরু করা আমার সেই ছোট উদ্যোগ আজ নতুন সম্ভাবনার পথে এগিয়ে চলছে। এই যাত্রায় সাউথইস্ট ব্যাংকের আস্থা, অর্থায়ন ও সহযোগিতা আমার সাফল্যের অন্যতম

ভিত্তি। ভবিষ্যতে ব্যবসাকে আরও সম্প্রসারণ করে কৃষিখাত ও দেশের অর্থনীতিতে আরও বেশি অবদান রাখার প্রত্যাশা রাখি।

সাউথইস্ট ব্যাংকের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা-আমার

স্বপ্নকে এগিয়ে নিতে পাশে থাকার জন্য।

সৌজন্যে: মোল্লা মাসুদ পারভেজ
ভিপি ও শাখা প্রধান, খুলনা শাখা
সাউথইস্ট ব্যাংক পিএলসি.





আহসানুল হক,
এসইভিপি ও শাখা প্রধান,
প্রিন্সিপাল শাখা,
সাউথইস্ট ব্যাংক পিএলসি.

হৃদয়ের সবচেয়ে কাছের নাম-সন্তান। সে আপনার হাসির কারণ, আপনার স্বপ্নের বাস্তব রূপ, আর আপনার ভবিষ্যতের উত্তরাধিকার। কিন্তু জীবনের দৌড়ে, অফিসের প্রেজেন্টেশন, মিটিং, টার্গেট, প্রমোশন কিংবা ব্যবসার লাভ-লোকসানে আমরা কখন যেন সেই শিশুটির হাতটা ধরা ভুলে যাই, যে একদিন হেঁটে হেঁটে প্রথমবার আমাদের দিকে এসেছিল। আমরা ভাবি, টাকা রেখে গেলেই হলো-ফ্ল্যাট, গাড়ি, ব্যাংক ব্যালেন্স। কিন্তু একটা কথা কি ভেবে দেখেছেন কখনো? সন্তান সম্পদে নয়, সান্নিধ্যে বড় হয়।

অর্থ নয়, দরকার আপনার সময়:

আপনার সন্তান আজ আপনাকে খুঁজে ফেরে-তার প্রতিটি ছোট ছোট জয়ে আপনাকে পাশে চায়, তার একাকিত্বের মুহূর্তে আপনার কাঁধ খোঁজে। আপনি যদি না থাকেন, তবে তার মনের সেই শূন্যতা কেউ পূরণ করতে পারে না। খেলনা কিংবা ট্যাবলেট সেটা কখনোই নয়। মানসিকভাবে সুস্থ, আত্মবিশ্বাসী ও স্বাভাবিক বিকাশে আপনার উপস্থিতিই তার সবচেয়ে বড় অবলম্বন।

কে তার বন্ধু? কী শেখে সে?

আজকের শিশু বেড়ে উঠছে এক জটিল সমাজ বাস্তবতায়। চারপাশে তথ্যের ঢল, প্রযুক্তির প্রলোভন, সামাজিক চাপে হারিয়ে যাওয়ার ভয়-এমন সময় সন্তানের পাশে যদি মা-বাবা না থাকে, তাহলে কে থাকবে? তার বন্ধুত্বমূলক, ক্লাস পারফরমেন্স, ইন্টারনেট আসক্তি-সবই খেয়াল রাখতে হবে ভালোবাসা আর সহমর্মিতার সঙ্গে।

শেকড়ের সঙ্গে সম্পর্ক রাখতে হবে:

আমরা চাই সন্তান হোক আধুনিক, প্রযুক্তিবান্ধব, স্মার্ট। কিন্তু এর মানে এই নয় যে সে তার শেকড় ভুলে যাবে। বাংলা গান, রবীন্দ্র-নজরুল, একুশে ফেব্রুয়ারি, পহেলা বৈশাখ, গ্রামবাংলার

আত্মোপলব্ধি সন্তান সম্পদে নয়, সান্নিধ্যে বড় হয়

গল্প, মুক্তিযুদ্ধ- এই সবকিছুর মধ্যেই লুকিয়ে আছে তার আত্মপরিচয়। তাকে শেখান গর্ব করতে-বাংলা ভাষায়, বাঙালিতে, মানবিকতায়।

তাহলে করণীয় কী?

- প্রতিদিন অন্তত ৩০ মিনিট সন্তানকে দিন-মুঠোফোনটা দূরে রেখে শুধু ওর কথা শুনুন।
- ওর স্কুল, বন্ধু, আনন্দ-দুঃখ-সবকিছুর গল্প শুনুন, মতামত দিন।
- ট্যাব বা মোবাইলের জায়গায় বই, গল্প, ঘুরে বেড়ানো দিন।
- মাঝে মাঝে রান্না করা, গল্প বলা কিংবা শৈশবের স্মৃতিতে ফিরেও যান ওর সঙ্গে।

মনে রাখবেন, আপনি যদি সন্তানকে সময় না দেন, কেউ একদিন তাকে আপনার সময়ের অভাব দিয়েই ব্যাখ্যা দেবে। অথচ আপনি চাইলেই আজ তাকে দিতে পারেন ভালোবাসা, দিকনির্দেশনা আর নিজের জীবনের সেরা উপহার-আপনার উপস্থিতি।

সন্তান শুধু উত্তরাধিকার নয়, সে ভবিষ্যতের প্রতিচ্ছবি। তাই তাকে গড়ুন ভালোবাসায়, সময়ের ছায়ায়, আর মূল্যবোধের আলোয়।

**সাউথইস্ট
স্কুল**
ব্যাকিং

আগামীকাল
সকাল হোক
এখনি থেকেই

১৬২০৬
SouthEastBankBD
www.southeastbank.com.bd

সুবিধাসমূহ

- সর্বনিম্ন জমা ১০০ টাকা মাত্র
- সম্পূর্ণ চার্জ বিহীন সঞ্চয়ী হিসাব
- সম্পূর্ণ ফ্রি ডেবিট কার্ড
- এটিএম বুথে টাকা জমা ও উত্তোলন সম্পূর্ণ ফ্রি
- ফ্রি এসএমএস এলাট, ইন্টারনেট ব্যাংকিং মোবাইল ব্যাংকিং



সাউথইস্ট ব্যাংক-এর নিরাপত্তা কর্মীর অনন্য কৃতিত্ব ও সাহসিকতা


গত ২৮ আগস্ট ২০২৬ তারিখ রাত ০২:০০ ঘটিকায় সারুলিয়া রাণী মহল সাউথইস্ট ব্যাংকের এটিএম বুথে একজন অজ্ঞাতনামা গ্রাহক এসে এটিএম থেকে টাকা উত্তোলন করেন। টাকা উত্তোলনের পর তিনি সেখানে দায়িত্বশীল নিরাপত্তাকর্মী মোঃ মেহেদী হাসান কে নানান প্রশ্ন করতে থাকেন। উক্ত ব্যক্তি দায়িত্বশীল নিরাপত্তাকর্মীর কাছে প্রশ্ন করে এটিএম বুথে কত টাকা আছে জানতে চান ও কত টাকা দুকানো হয়েছে জানতে চেয়ে অপ্রাসঙ্গিক প্রশ্ন করেন। প্রতি উত্তরে নিরাপত্তাকর্মী তাকে জানান যে, এই সব তথ্য আমার জানা নেই, এই সব তথ্য ব্যাংক কর্তৃপক্ষ জানেন। আমি শুধু নিরাপত্তার দায়িত্ব পালন করি। কোন গ্রাহক এলে দরজা খুলে দেই এবং গ্রাহক চলে যাওয়ার পরে দরজা বন্ধ করে দেই ও বুথ পরিষ্কার পরিচ্ছন্ন রাখি ও অন্যান্য দায়িত্ব পালন করি। কিছুক্ষণ পর উক্ত গ্রাহক এটিএম বুথ ত্যাগ করেন।

এর আনুমানিক দুই ঘণ্টা পর, ভোর ০৪:০০ ঘটিকার দিকে, ৮-১০ জনের একটি সংঘবদ্ধ দল ৪ টি মোটরসাইকেলযোগে এটিএম বুথের সামনে অবস্থান নেয়। দায়িত্বশীল নিরাপত্তাকর্মী তাদের কয়েকজনের কাছে অস্ত্রসদৃশ ও ধারালো সরঞ্জাম দেখতে পায়, তাৎক্ষণিকভাবে নিরাপত্তাকর্মী বিচক্ষণ বুদ্ধিমত্তা দিয়ে অবস্থানরত ব্যক্তিদের পর্যবেক্ষণ করে বুঝতে পারে এটি একটি ডাকাতি দল। ইতিপূর্বে এটিএম বুথ থেকে টাকা উত্তোলন করে যাওয়া ব্যক্তিকে সন্দেহভাজন ডাকাতি দলের মধ্যে দেখতে পেয়ে বিষয়টি নিশ্চিত হয় যে তারা এটিএম বুথ প্রবেশ করে বুথ ও এটিএম মেশিনে ভাঙচুর করে অর্থ লুটের পরিকল্পনা করছে।

এ সময় দায়িত্বশীল নিরাপত্তাকর্মী মোঃ মেহেদী হাসান পরিস্থিতির গুরুত্ব অনুধাবন করে নিজের নিরাপত্তা ঝুঁকি থাকা সত্ত্বেও দ্রুত ও সাহসিকতার সঙ্গে এটিএম বুথের ভেতর থেকেই একাধিকবার এডিসি কন্ট্রোল রুম, সার্ভিকিউ কন্ট্রোল রুম, বাড়ির মালিক এবং স্থানীয় পুলিশকে ফোন করে ঘটনার বিষয়ে অবহিত করেন এবং দ্রুত ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানানোর প্রেক্ষিতে পুলিশ দ্রুত ঘটনাস্থলের দিকে অগ্রসর হয়। একই সময়ে রাস্তায় টহলরত পুলিশ সদস্যরাও ঘটনাস্থলে পৌঁছে অভিযান পরিচালনা করেন। পুলিশের তাৎক্ষণিক তৎপরতায় সন্দেহভাজন ডাকাতি দলের প্রায় ৮ জন কে আটক করতে সক্ষম হয়।

উক্ত ঘটনায় দায়িত্বশীল নিরাপত্তাকর্মী মোঃ মেহেদী হাসান অত্যন্ত সতর্কতা, সাহসিকতা ও দায়িত্বশীলতার পরিচয় দিয়েছেন। নিজের নিরাপত্তার ঝুঁকি থাকা সত্ত্বেও তিনি এটিএম বুথ ত্যাগ না করে দ্রুত পরিস্থিতি অনুধাবন করেন এবং যথাসময়ে এডিসি কন্ট্রোল রুম, সার্ভিকিউ কন্ট্রোল রুম, বাড়ির মালিক এবং স্থানীয় পুলিশকে অবগত করার ফলে পুলিশ সময়মতো ঘটনাস্থলে পৌঁছাতে সক্ষম হয় এবং সম্ভাব্য বড় ধরনের ডাকাতি ও ক্ষয়ক্ষতি প্রতিরোধ করা সম্ভব হয়।

একজন নিরাপত্তাকর্মীর সতর্কতা, দায়িত্ববোধ, দ্রুত বিচক্ষণ সিদ্ধান্ত গ্রহণ এবং সাহসিকতার মাধ্যমে এটিএম বুথ সংরক্ষিত অর্থ সুরক্ষায় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যা সকল নিরাপত্তাকর্মীর জন্য অনুকরণীয় এবং অনুসরণীয় হয়ে থাকবে।



সাউথইস্ট ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটে “আর্থিক প্রতিষ্ঠানে নৈতিকতা ও সততা চর্চার গুরুত্ব” শীর্ষক ভার্চুয়াল কনফারেন্স অনুষ্ঠিত

সাউথইস্ট ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটের উদ্যোগে “আর্থিক প্রতিষ্ঠানে নৈতিকতা ও সততার চর্চার গুরুত্ব এবং এর লক্ষ্যনের পরিণতি” শীর্ষক একটি ভার্চুয়াল এক্সিকিউটিভ কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। কনফারেন্সে হেড অফিসের

এক্সিকিউটিভগণ, ১৩৭টি ব্রাঞ্চের হেড অব ব্রাঞ্চ, ম্যানেজার অপারেশনস সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

কনফারেন্সে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড

এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-এর মাননীয় চেয়ারম্যান জনাব মাসুদ খান। তিনি ব্যাংকিং খাতের টেকসই প্রবৃদ্ধি অর্জনে প্রতিটি স্তরে নৈতিকতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ওপর বিশেষ জোর দেন।

সাউথইস্ট ব্যাংক পিএলসি. ‘স্কিলস ফর ইন্ডাস্ট্রি কম্পিটিটিভনেস অ্যান্ড ইনোভেশন প্রোগ্রাম’ (SICIP)-এর অধীনে মাসব্যাপী একটি উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচি সফলভাবে সম্পন্ন করেছে



সাউথইস্ট ব্যাংক পিএলসি. ‘স্কিলস ফর ইন্ডাস্ট্রি কম্পিটিটিভনেস অ্যান্ড ইনোভেশন প্রোগ্রাম’ (SICIP)-এর অধীনে মাসব্যাপী একটি উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচি সফলভাবে সম্পন্ন করেছে। সমাপনী অনুষ্ঠানে প্রধান

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাউথইস্ট ব্যাংক পিএলসি.-এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মো. খালিদ মাহমুদ খান। বাংলাদেশ ব্যাংকের প্রোগ্রাম ডিরেক্টর ও অতিরিক্ত পরিচালক মো. মাসুম বিল্লাহ ‘গেস্ট অব

অনার’ হিসেবে উপস্থিত ছিলেন। অন্যদিকে, বাংলাদেশ ব্যাংকের ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর (প্রোগ্রামস) ও যুগ্ম পরিচালক মোহাম্মদ ওয়াসিম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সাউথ আফ্রিকায় প্রবাসীদের আর্থিক লেনদেনে আস্থার নাম সাউথইস্ট এক্সচেঞ্জ কোম্পানি (সাউথ আফ্রিকা) প্রা: লি:

সাউথইস্ট ব্যাংক পিএলসি-এর অঙ্গ প্রতিষ্ঠান

সাউথইস্ট এক্সচেঞ্জ কোম্পানি (সাউথ আফ্রিকা) প্রা: লি:
Southeast Exchange Company (South Africa) Pty Ltd

“দেশি ব্যাংক বেশি আস্থা”

প্রিয় প্রবাসী বাংলাদেশি ভাই ও বোনেরা,

আপনারা বিদেশের মাটিতে কঠোর পরিশ্রম করে উপার্জিত অর্থ দেশে রেমিটেন্স হিসেবে পাঠান। আপনাদের এই কষ্টার্জিত অর্থের সঠিক সঞ্চয়, নিরাপত্তা ও ভবিষ্যৎ পরিকল্পনার জন্য সাউথইস্ট ব্যাংক পিএলসি এর যেকোনো শাখায় বিভিন্ন আমানত সুবিধা গ্রহণ করতে পারেন।

প্রবাসী বাংলাদেশিদের জন্য সাউথইস্ট ব্যাংক পিএলসি-তে রয়েছে—

- Savings Account** (সঞ্চয়ী হিসাব)
- WEPS Account / DPS** — প্রয়োজ্য বিধি অনুযায়ী কর সুবিধাসহ
- FDR (Fixed Deposit Receipt)** — স্থায়ী আমানত

হিসাব খোলার জন্য প্রয়োজনীয় কাগজপত্র:

সাউথ আফ্রিকায় একাউন্ট খোলার জন্য:-

১. ভ্যালিড এসাইলাম
২. ভ্যালিড পাসপোর্ট সাথে পারমিট
৩. সাউথ আফ্রিকান আইডি

বাংলাদেশী একাউন্ট খোলার জন্য:-

১. গ্রাহকের ২ কপি পাসপোর্ট সাইজের রসিন ছবি
২. গ্রাহকের পাসপোর্ট কপি
৩. নমিনির NID কার্ডের কপি /পাসপোর্ট কপি

বিস্তারিত তথ্য ও হিসাব খোলার প্রয়োজনীয়তা জানতে যোগাযোগ করুন

জোহানেসবার্গ শাখা, ফোর্ডসবার্গ	কেপটাউন শাখা	ব্লুমফন্টাইন শাখা
+27 61 147 9731 +27 74 256 6855	+27 62 090 0186 +27 61 153 2212	+27 61 151 9610 +27 62 121 6621

প্রবাসীর কষ্টের টাকা — নিরাপদ সঞ্চয়, সুন্দর ভবিষ্যৎ।



ইচ্ছেপূরণের নির্ভরতায়

সাউথইস্ট ব্যাংক পার্সোনাল লোন
সর্বোচ্চ

৪০ লক্ষ ট



* শর্ত প্রযোজ্য

SoutheastBankBD
www.southeastbank.com.bd



সাউথইস্ট ব্যাংক পিএলসি.
একটি দূরদর্শী ব্যাংক

CREDIT RATING DISCLOSURE

Emerging Credit Rating Limited has assigned the long-term rating of Southeast Bank PLC. at AA (Pronounced as Double A) and the short-term rating at ST-2 based on the audited financial statements ended December 31, 2025, the unaudited financial statements for the six months ended June 30, 2026 and other relevant qualitative and quantitative information of the Bank up to the date of the rating declaration.



Long Term Rating : AA

Short Term Rating : ST-2

Outlook : Positive

Rating Date: August 09, 2026 | Rating Validity: August 08, 2027



ANYTIME FOR ASSISTANCE
16206
+88 09 6123 16206

[SoutheastBankBD](https://www.southeastbank.com.bd)
www.southeastbank.com.bd

Southeast Bank PLC.
a bank with vision